UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2014

P - III(1+1+1)H/14

2014

BENGALI (Honours)

Fifth Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ট্র্যাজেডিতে ত্রয়ী ঐক্যের গুরুত্ব কী ? অ্যারিস্টটলের মত অনুযায়ী ট্র্যাজেডির নায়কের বৈশিষ্ট্য লেখো। ৫+৫=১০

(খ) অ্যাবসার্ড নাটক বলতে কী বোঝো ? যে-কোনো একটি বাংলা অ্যাবসার্ড নাটকের সাহায্যে এর বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ৪+৬=১০

(গ) সাংকেতিক নাটক কাকে বলে ? নাটকে সংকেতের ব্যবহার কোন উদ্দেশ্য সিদ্ধ করে ? একটি সাংকেতিক নাটকের পরিচয় দাও। ২½+২½+৫=১০

(ঘ) পৌরাণিক নাটকে কীভাবে পুরাণের অলৌকিকতা ও বাস্তবের বিশ্বাসযোগ্যতার মধ্যে ভারসাম্য রক্ষা করা সম্ভব তা একটি বাংলা পৌরাণিক নাটকের আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -1 of 8

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বঙ্গরঙ্গমঞ্চের সূচনার সঙ্গে কোন্ বিদেশীর নাম যুক্ত হয়ে আছে ? তাঁর ব্যক্তিজীবনের পরিচয় দাও এবং তাঁর প্রতিষ্ঠিত থিয়েটারের অভিনয় ধারার বিবরণ দাও। ১০

(খ) বাংলা থিয়েটারের ইতিহাসে মিনার্ভা থিয়েটারের ভূমিকা আলোচনা করো। ১০

(গ) গণনাট্য সঙ্ঘের প্রতিষ্ঠার ইতিহাস বিবৃত করো। প্রসঙ্গত 'নবনাট্যে'র সঙ্গে গণনাট্যের পার্থক্য দৃষ্টান্তসহ আলোচনা করো। ৫+৫=১০

(ঘ) বাংলা থিয়েটারের ইতিহাসে ও অভিনয়ের ধারায় শিশিরকুমার ভাদুড়ীর অবদানের মূল্যায়ন করো। ১০

৩। অনেক সীমাবদ্ধতা সত্ত্বেও 'নীলদর্পণ' নাটকের ঐতিহাসিক ও রাজনৈতিক গুরুত্ব অপরিসীম — আলোচনা করো। ১৬

অথবা,

'নীলদর্পণ' নাটকের নায়ক কাকে বলা যায়, সে বিষয়ে যুক্তিসহ তোমার মতামত দাও।

৪। "যন্ত্রের চেয়ে মানুষ বড়ো — সে কথা মানুষকে প্রাণ দিয়েই প্রমাণ করতে হয়।" — 'মুক্তধারা' নাটক সম্পর্কে এই মতামত কতখানি প্রযোজ্য তা ব্যাখ্যা করো। ১৬

অথবা,

'মুক্তধারা' নাটকের সঙ্গীতগুলি আলোচনা করে এগুলি কোন্ নাট্য প্রয়োজন সিদ্ধ করেছে দেখাও।

৫। 'ছেঁড়াতার' নাটকের ট্র্যাজেডি ঘনীভূত হয়েছে ধর্ম ও হৃদয়ের পারস্পরিক সঙ্কটে। — আলোচনা করো। ১৬

অথবা,

'ছেঁড়াতার' নাটকে তিন ধরণের দ্বন্দ্ব আছে — ব্যক্তিগত, সমাজগত এবং শাস্ত্রবিধানগত। নাটকের নায়ক রহিমুদ্দি একক লড়াইতে এই সব দ্বন্দ্বে আদৌ জয়ী হয়েছিল কিনা তা আলোচনা করে বুঝিয়ে দাও।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "শও শও কায়দা আছে" — কে কাকে একথা বলেছে ? সংলাপটি কোন্ নাটকের অংশ ? সংলাপটি কোন উপভাষায় লেখা ? ১+১+১+১=৪

(খ) "ঢেউ টাকে বাড়ি মারলে ঢেউ থামে না, হালটাকে স্থির করে রাখলে ঢেউ জয় করা যায়।" — কার উক্তি ? তার চরিত্র বৈশিষ্ট্য সংক্ষেপে উল্লেখ করো। ১+৩=৪

(গ) বাড়াভাতে ছাই তব বাড়া ভাতে ছাই।

ধরেছে নীলের যমে আর রক্ষা নাই।।

— তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

(ঘ) "এই জলের শব্দে আমি আমার মাতৃভাষা শুনতে পাই।" বক্তা কে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩=৪

(ঙ) "না খাওয়া শুটকাটা ও শুটকীকে ডাকি কয় প্যাট না থাকিলেরে মানুষ সুখী হইল হয়।" — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো। ১+৩=৪

———

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -2 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2014

(গ) 'নবজাতক' কবিতায় কবি কার জয়গান করেছেন ? সংক্ষেপে সেই জয়গানের প্রসঙ্গটি উল্লেখ করো। ১+৩=৪

(ঘ) "হেরি কাহার নয়ান,

রাধিকার অশ্রু-আঁখি পড়েছিল মনে ?"

উদ্ধৃতাংশটি কোন কবিতার অন্তর্গত ? অংশটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৩=৪

(ঙ) 'বীরাঙ্গনা কাব্যে'র প্রকাশকাল উল্লেখ করো। বইটি কাকে উৎসর্গ করা হয়েছিলো ? তাঁকে উৎসর্গ করার বিশেষ কোনো তাৎপর্য থাকলে তা জানাও। ১+১+২=৪

P - III(1+1+1)H/14

2014

BENGALI (Honours)

Sixth Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। Dramatic monologue বা নাটকীয় আত্মভাষণের রীতিটি 'বীরাঙ্গনা' কাব্যে প্রয়োগগত দিক থেকে কতখানি সার্থক হয়ে উঠেছে তা আলোচনা করো। ১৬

অথবা,

মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা কাব্যে'র শ্রেষ্ঠ পত্রিকা কোন্‌টি এবং কেন — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

২। 'সোনার তরী' কাব্যের মর্ত্যপ্রীতি বিষয়ক কবিতাগুলির নামোল্লেখ করে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ১৬

অথবা,

"আজ কোনো কাজ নয়। সব ফেলে দিয়ে
ছন্দোবন্ধগ্রন্থগীত, এসো তুমি প্রিয়ে,
আজন্মসাধনধন সুন্দরী আমার,
কবিতা কল্পনালতা।"

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -3 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2014

— উদ্ধৃতাংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে। এই কবিতা অবলম্বনে কবির মানস প্রিয়ার পরিচয় দাও। ১+১৫=১৬

৩। 'নবজাতক' কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো। ১৬

অথবা,

'নবজাতক' কাব্যের 'প্রায়শ্চিত্ত' কবিতাটিতে রবীন্দ্র কবি মানসের সমসাময়িক কালের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

৪। (ক) 'কচিডাব' কবিতায় কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের শিবভাবনার আলোকে যে মানবিক চেতনার পরিচয় পাওয়া যায় কবিতাটি বিশ্লেষণ ক'রে তা দেখাও। ১০

অথবা,

"আমি চম্পা সূর্যের সৌরভ।" উক্তিটির মধ্যে চম্পার আত্মঘোষণা ও অপরাজেয়তার যে গৌরব প্রতিষ্ঠিত হয়েছে তা প্রতিপন্ন করো।

(খ) কবি কালিদাস রায়ের মানস চেতনায় যে বৈষ্ণবীয় ভাবচেতনার নিগূঢ় প্রভাব সক্রিয় ছিল, 'ত্রিরত্ন' কবিতাটি সেই মানসচেতনার ফসল — এ বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

অথবা,

নজরুল ইসলামকে রবীন্দ্রানুসারী কবিসমাজভুক্ত আদৌ করা যায় কিনা কবির কাব্যবৈশিষ্ট্য আলোচনা ক'রে এ বিষয়ে তোমার অভিমত জানাও।

৫। (ক) 'উটপাখি' কবিতায় উটপাখির রূপকের আড়ালে তৎকালীন সমাজের যে পরিচয় দিয়েছেন কবিতাটি বিশ্লেষণ করে তা আলোচনা করো। ১০

অথবা,

জীবনানন্দ ও বিষ্ণু দে সমসাময়িক কবি হওয়া সত্ত্বেও তাঁদের প্রেমভাবনার পার্থক্য সুস্পষ্ট — পাঠ্য কবিতা দুটি অবলম্বনে এই ভাবনার পক্ষে তোমার মতামত দাও।

(খ) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় কবি সুভাষ মুখোপাধ্যায় রোমান্টিক ভাবনার যে নবনির্মাণ করেছেন কবিতাটি বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা,

রবীন্দ্রোত্তর আধুনিক কবিরা কী অর্থে আধুনিক, তাঁদের সেই আধুনিকতার বৈশিষ্ট্যগুলি তোমার পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ৪×৩=১২

(ক) 'পরম অধর্মাচারী রঘুকুলপতি' — কে কার উদ্দেশ্যে এই উক্তি করেছেন ? বক্তা কী কারণে রঘুকুলপতিকে অধর্মাচারী বলেছেন তার তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+২=৪

(খ) "শশী নাহি চাই যদি ফিরে পাই
আরবার, এ জীবন।"

— কোন্ কবিতার অংশ ? এখানে কবিমানসের কোন্ আকাঙ্ক্ষা ফুটে উঠেছে ? ১+৩=৪

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -4 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2014

(ঘ) "তুমি দেশের স্বাধীনতার জন্য সব ছেড়েছ সত্যি কিন্তু আমাকে তো একটু স্বাধীনতা দাও কি ?" — কার প্রসঙ্গে মন্তব্যটি করা হয়েছে ? মন্তব্যটির মধ্যে বক্তার যে উপলব্ধির প্রকাশ ঘটেছে সংক্ষেপে ব্যাখ্যা করো। ৪

(ঙ) 'জাগরী' উপন্যাসে চারটি মূল চরিত্রের পৃথক চারটি অবস্থানের তাৎপর্য ব্যাখ্যা করো। ৪

P - III(1+1+1)H/14

2014

BENGALI (Honours)

Seventh Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। 'ধাত্রীদেবতা' উপন্যাসের প্রধান চরিত্র শিবনাথ শুধু রাজনৈতিক স্বাধীনতা লাভের জন্য উন্মুখ নয়, সে অর্থনৈতিক উন্নয়নেরও রূপকার। — এদিক থেকে চরিত্রটিকে ব্যাখ্যা করা যায় কিনা আলোচনা করো। ১৬

অথবা,

দুই কালের দ্বন্দ্ব ধাত্রী দেবতা উপন্যাসে কীভাবে রূপায়িত হয়েছে তা আলোচনা করো। ১৬

২। "কপিলার আদিম ও অ-সংস্কৃত মনোবৃত্তির মধ্যে ছলনাময়ী নারী-প্রকৃতির সনাতন রহস্য বাসা বাঁধিয়াছে" — এই মন্তব্যের প্রেক্ষিতে কপিলার চরিত্রটি বিশ্লেষণ করো। ১৬

অথবা,

'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সামগ্রিক পরিকল্পনায় 'নদী' স্বতন্ত্র চরিত্রে পরিণত — আলোচনা করো। ১৬

P.T.O.

5/7

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -5 of 8

৩। চেতনাপ্রবাহমূলক উপন্যাসের সাধারণ লক্ষণ উল্লেখ করো। চেতনাপ্রবাহমূলক উপন্যাসের কী কী লক্ষণ 'জাগরী' উপন্যাসে লক্ষ করা যায়, তা আলোচনা করো। ১৬

অথবা,

'জাগরী' উপন্যাসের পরিণতি-প্রাসঙ্গিকতা পর্যালোচনা করো।

৪। (ক) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে তৎকালীন সমাজে নারীদের অবস্থান ও সমস্যার যে পরিচয় লেখিকা দিয়েছেন তার উল্লেখ করো। উত্তরণের কোন ইঙ্গিত উপন্যাসটিতে শেষপর্যন্ত লেখিকা দিতে পেরেছেন কি ? তোমার অভিমত দাও। ১০

অথবা,

উপন্যাসের শিল্পতত্ত্বের দৃষ্টিতে 'প্রথম প্রতিশ্রুতি'কে কি শিথিল গ্রন্থিত ও পৃথুল জাতীয় সৃষ্টি বলে মনে হয়, না এর মধ্যে 'Periodical Novel'-এর লক্ষণ মুদ্রিত হয়েছে ? তোমার মতামতের পক্ষে যুক্তি দেখাও। ১০

(খ) অবরোধবাসিনী নারী ও তার মুক্তি কামনা কীভাবে 'প্রথম প্রতিশ্রুতি'র কাহিনিতে প্রতীয়মান তা আলোচনা করো। ১০

অথবা,

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের নামকরণের সার্থকতা সম্বন্ধে তোমার অভিমত দাও। ১০

৫। (ক) প্রকৃতি ও মানব 'পুঁইমাচা' গল্পে একে অপরের পরিপূরক। — আলোচনা করো। ১০

অথবা,

যুদ্ধকালীন বাংলাদেশে মধ্যবিত্তের চরম সংকটের যে চিত্র 'অঙ্গার' গল্পটিতে পাওয়া যায় তা আলোচনা করো। ১০

(খ) 'নরেন্দ্রনাথ মিত্র মধ্যবিত্ত জীবনের রূপকার' — 'চড়াই-উৎরাই' গল্প অবলম্বনে উক্তিটির যাথার্থ্য আলোচনা করো। ১০

অথবা,

'লম্বকর্ণ' গল্প অবলম্বনে হাস্যরস সৃজনে পরশুরামের নৈপুণ্যের পরিচয় দাও। ১০

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৩×৪=১২

(ক) "দেশ কি মাটি শিবনাথ ? দেশকে খুঁজতে হয় গ্রামের মধ্যে শহরের মধ্যে।" — বক্তা কে ? মন্তব্যটির মধ্যে বক্তার কোন্ মানসিকতার পরিচয় পাওয়া যায় ? ১+৩=৪

(খ) "মা আলমারী খুলিয়া একখানি বই টানিয়া লইলেন"— এখানে কোন বইটির কথা বলা হয়েছে ? শ্রোতার জীবনে বইখানি কী গুরুত্বপূর্ণ কাজ করেছে সংক্ষেপে ব্যাখ্যা করো। ১+৩=৪

(গ) "কিন্তু শরীরের দিকে তাকাইবার অবসর কুবেরের নাই" — শরীরের দিকে তাকাবার অবসর কেন নেই সংক্ষেপে লেখো। ৪

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -6 of 8

UGB_UG_Question_Bengali Hons Part-III Examination_2014

P - III(1+1+1)H/14

2014

BENGALI (Honours)

Eighth Paper

Full Marks : 100 Time : Four Hours

ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় দাও।

১। (ক) কবি জয়দেব ও তাঁর রচিত কাব্যের পরিচয় দাও। বাংলা সাহিত্যে এই কাব্যের প্রভাব কতখানি তা দেখাও। ১০

অথবা,

কালিদাসের 'মেঘদূতম্' কাব্যটিতে চিরকালের বিরহী চিত্তের আর্তি কাব্যসৌন্দর্য লাভ করেছে — আলোচনা করো।

(খ) বাণভট্টের 'হর্ষচরিত' কাব্যের পরিচয় দাও এবং 'হর্ষচরিত' অনুসরণে বাণভট্টের আবির্ভাব কাল ও ব্যক্তিজীবন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

ভবভূতির 'মালতীমাধব' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত ? নাটকটির কাহিনি নিজের ভাষায় লেখো। এই নাটক অবলম্বনে ভবভূতির নাট্যকৃতির পরিচয় দাও।

২। (ক) হিন্দী সাহিত্যে 'ভারতেন্দুযুগ' বলতে কী বোঝো, ভারতেন্দু হরিশ্চন্দ্রের রচনাবলির পরিচয় দিয়ে ঐ যুগবিভাগের কারণ বিশ্লেষণ করো। ১০

P.T.O.

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -7 of 8

অথবা,

কবি সুমিত্রানন্দন পন্থ-এর প্রধান কাব্যগুলির পরিচয় দাও। তাঁর রচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের প্রভাব কতখানি তা দেখাও।

(খ) প্রেমচন্দের গল্পে সাধারণ নিম্নবর্গীয় মানুষ প্রাধান্য পেয়েছে — অন্তত দুটি গল্পের সাহায্যে তা বুঝিয়ে দাও। ১০

অথবা,

বাংলা সাহিত্য ও হিন্দী সাহিত্যের মধ্যে যোগসূত্র নির্ধারণের চেষ্টা করো।

৩। "বিভানুভাব ব্যভিচারী সংযোগাৎ রসনিষ্পত্তি" — আলোচনা করো। ১৬

অথবা,

"কাব্যম্ গ্রাহ্যং অলংকারাৎ" — কথাটি বুঝিয়ে দাও। এই মতটি কতখানি গ্রহণযোগ্য তা বিচার করে দেখাও।

৪। সৌন্দর্য্যের সঙ্গে মঙ্গলের যে সম্পর্ক রবীন্দ্রনাথের 'সৌন্দর্যবোধ' প্রবন্ধের অনুসরণে তা বোঝাও। ১৬

অথবা,

"সাহিত্যের বিষয় মানবহৃদয় এবং মানবচরিত্র" — রবীন্দ্রনাথের এই মতটির ব্যাখ্যা করো।

৫। সংক্ষেপে আলোচনা করো : ৪

(ক) 'রীতিরাত্মা কাব্যস্য' — ব্যাখ্যা করো।

অথবা,

"রস সহৃদয় হৃদয় সংবাদী" — আলোচনা করো।

(খ) "প্রকাশই কবিত্ব" — কে বলেছেন ? উক্তিটি বিশ্লেষণ করো। ৪

অথবা,

"আধুনিক কবি বলিয়াছেন : Truth is beauty, beauty truth" — আধুনিক কবি বলতে কার কথা বলা হয়েছে ? — অর্থ ব্যাখ্যা করো।

৬। প্রবন্ধ রচনা করো (যে-কোনো একটি) : ২০

(ক) মঙ্গলকাব্যে নারীচরিত্র

(খ) উনিশ শতকের বাংলা উপন্যাস

(গ) কথাসাহিত্যিক অদ্বৈত মল্লবর্মণ

(ঘ) উত্তরবঙ্গের লোকসঙ্গীত

(ঙ) রবীন্দ্রনাথের কাব্যনাট্য ও গীতিনাট্য

(চ) সাম্প্রতিক বাংলা ছোটগল্প (২০০০-২০১৪)

Digitized by the Librarian, Central Library, Malda College, Malda on 3rd December, 2018, Page -8 of 8